যে কোনো মুসলিমের তিনটি (নাবালক) সন্তান মারা যাবে, তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না। কিন্তু (আল্লাহ) তাঁর কসম পূরা করার জন্যে (যা ঘটার তা ঘটবে) ।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “যে কোনো মুসলিমের
তিনটি (নাবালক) সন্তান মারা যাবে, তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না। কিন্তু (আল্লাহ) তাঁর কসম পূরা করার জন্য (তাদেরকে জাহান্নামের উপর দিয়ে পার করাবেন)।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যার তিনটি সন্তান ছেলে হোক বা মেয়ে হোক মারা গেল এবং সে ধৈর্য ধারণ ও সাওয়াবের আশা করল এবং আল্লাহর ফায়সালা ও বিচারের ওপর সন্তুষ্ট থাকল, আল্লাহ তা‘আলা জাহান্নামের আগুনের ওপর তার দেহকে হারাম করে দেবেন। তবে এতটুকু সংঘটিত হবে যতটুকু পরিমাণ জাহান্নামে দিলে তিনি তার কসম থেকে মুক্ত হবেন। আর তা হলো তার বাণী: “তোমাদের যে কোনো ব্যক্তিই হোকনা কেন, সে অবশ্যই তাতে প্রবেশ করবে।” [সূরা মারইয়াম, আয়াত: ৭১]

https://sunnah.global/hadeeth/bn/show/8873